



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/শেরপুর-৩১/ ৩০৩০/১৫

তারিখঃ ২৬/০৬/২০১৮খ্রিঃ


বিষয়ঃ বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ পূর্বক পরস্পরের অভিযোগ/দাবী বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিলকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/শেরপুর-৩১/২৮৪১/৬; তারিখঃ ০৫/০৩/২০১৮খ্রিঃ  
২) নং-বামাশিবো/প্রশাসন/শেরপুর-৩১/২৬৯৭/৪; তারিখঃ ১৭/০৯/২০১৭খ্রিঃ  
৩) স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪; তারিখঃ ০৬ আগস্ট ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন কালাকুড়া নেছারিয়া দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুল ইসলাম রিট পিটিশন নং- ৩৬৫৭/২০১৫ এর রায়ের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে জারিকৃত নির্দেশনা অনুযায়ী নিজ পদে বহাল ও বেতন-ভাতা প্রদানের জন্য আবেদন করেন। দাখিলকৃত আবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ নুরুল ইসলামকে গত ১১/০৬/২০১৫খ্রিঃ তারিখে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুল ইসলাম এর আবেদনের প্রেক্ষিতে রিট পিটিশন নং- ৩৬৫৭/২০১৫ এর রায়ের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত সুপার এবং ম্যানেজিং কমিটিকে সূত্রোক্ত ১ ও ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার আব্দুস ছামাদ একটি আবেদন দাখিল করেছেন। দাখিলকৃত আবেদন পর্যালোচনায় দেখা যায়, মহামান্য হাইকোর্টে সুপার (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক দায়েরকৃত ১৫৫৮৭/১৬ বিচারাধীন থাকায় এবং কোন পরিচালনা কমিটি বিদ্যমান না থাকায় তাঁকে পুনর্বহাল করা ভারপ্রাপ্ত সুপারের এখতিয়ার বহির্ভূত মর্মে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে আগামী ১০.০৭.২০১৮খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বোর্ডে উপস্থিত হয়ে পরস্পরের অভিযোগ/দাবী বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

  
২৭.০৬.১৮  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি;

- ২) ভারপ্রাপ্ত সুপার, কালাকুড়া নেছারিয়া দাখিল মাদ্রাসা, নালিতাবাড়ী, শেরপুর।  
৩) জনাব মোঃ নুরুল ইসলাম, সুপার (সাময়িক বরখাস্তকৃত), কালাকুড়া নেছারিয়া দাখিল মাদ্রাসা, নালিতাবাড়ী, শেরপুর।

নং-বামাশিবো/প্রশাসন/শেরপুর-৩১/

তারিখঃ ১০/৬/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।  
২. জেলা শিক্ষা অফিসার, শেরপুর।  
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।  
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪